সুনামগঞ্জ, হবিগঞ্জসহ আরো ২৬ জেলা ভূমি ও গৃহহীনমুক্ত ঘোষণা

নিজস্ব প্রতিবেদক: সুনামগঞ্জ, হবিগঞ্জসহ দেশের আরও ২৬টি জেলা এবং ৭০টি উপজেলাকে ভূমি ও গৃহহীনমুক্ত ঘোষণা করা হয়েছে। এর মধ্য দিয়ে এখন পর্যন্ত মোট ৫৮টি জেলা ও ৪৬৪টি উপজেলা ভূমি ও গৃহহীনমুক্ত হলো।
মঙ্গলবার বেলা ১১টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সে আশ্রয়ণ-২ প্রকল্পের পঞ্চম পর্যায়ের দ্বিতীয় ধাপে আরও ১৮ হাজার ৫৬৬ ভূমি ও গৃহহীন পরিবারকে বিনামূল্যে জমিসহ ঘর বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
হবিগঞ্জ ও সুনামগঞ্জ ছাড়াও ঢাকা, গোপালগঞ্জ, শরীয়তপুর, ফরিদপুর, নেত্রকোনা, কক্সবাজার, চট্টগ্রাম, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, কুমিল্লা, ফেনী, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, সিরাজগঞ্জ, বগুড়া, সাতক্ষীরা, যশোর, খুলনা, নড়াইল, বাগেরহাট, বরগুনা, বরিশাল – এই ২৬ জেলাকে ভূমি ও গৃহহীনমুক্ত ঘোষণা করা হয়।
যে ৭০ উপজেলা ভূমি ও গৃহহীনমুক্ত হলো :
হবিগঞ্জের আজমিরীগঞ্জ, সুনামগঞ্জের দিরাই, ছাতক, জগন্নাথপুর, ঢাকা জেলার ধামরাই; গোপালগঞ্জের গোপালগঞ্জ সদর; শরীয়তপুরের নড়িয়া, জাজিরা, ফরিদপুরের সদরপুর উপজেলা, নেত্রকোনার খালিয়াজুরী, কক্সবাজারের কক্সবাজার সদর, মহেশখালী, ঈদগাঁও, চট্টগ্রামের চন্দনাইশ, সন্দ্বীপ, সীতাকুন্ড, চাঁদপুরের হাইমচর, চাঁদপুর সদর, লক্ষীপুরের রামগতি, কমলনগর, নোয়াখালীর হাতিয়া, কোম্পানীগঞ্জ, সুবর্ণচর; কুমিল্লার আদর্শ সদর, মুরাদনগর, ফেনীর সোনাগাজী; গাইবান্ধার ফুলছড়ি, সাঘাটা, কুড়িগ্রামের কুড়িগ্রাম সদর, উলিপুর, নাগেশ্বরী, রাজারহাট, চররাজিবপুর, রৌমারী, রংপুরের গংগাচড়া, মিঠাপুকুর, পীরগঞ্জ; লালমনিরহাটের কালীগঞ্জ, লালমনিরহাট সদর, পাটগ্রাম, হাতিবান্ধা, আদিতমারী, নীলফামারীর সৈয়দপুর, সিরাজগঞ্জের চৌহালী, বগুড়ার শেরপুর, সাতক্ষীরার আশাশুনি, যশোরের মনিরামপুর, খুলনার পাইকগাছা, কয়রা, দাকোপ; নড়াইলের লোহাগড়া, নড়াইল সদর, বাগেরহাটের বাগেরহাট সদর, শরণখোলা, রামপাল, মোল্লাহাট, ফকিরহাট, চিতলমারী, মোরেলগঞ্জ, মোংলা,

কচুয়া, ভোলার বোরহানউদ্দিন, চরফ্যাশন, মনপুরা, বরগুনার বরগুনা সদর, আমতলী, বরিশালের বরিশাল সদর, হিজলা, গৌরনদী, জামালগঞ্জ এই ৭০ উপজেলাকে সম্পূর্ণ ভূমিহীন এবং গৃহহীনমুক্ত ঘোষণা করা হয়েছে।